**পশ্চিমবঙ্গ সরকার**
**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ**
**৬৩, নেতাজী সুভাষ রোড, জেশপ বিল্ডিং,**
**কলকাতা - ৭০০ ০০১**

স্মারক নং : ৫০৩৫/পি.এন/ও/ ১/ ৪এ- ১/০৬ তারিখ : ২৬.১১.২০০৯

**প্রেরক:**
**ডঃ মানবেন্দ্র নাথ রায়**
**প্রধান সচিব,**
**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ**

**প্রাপক:**
**জেলা শাসক ও নির্বাহী আধিকারিক, জেলা/মহকুমা পরিষদ (সকল),**

**বিষয় : গ্রাম পঞ্চায়েতের স্বমূল্যায়ন প্রতিবেদনের (২০০৮-০৯) [স্মারক নং : ৩৪০৩/পি.এন/ও/ ১/ ৪এ- ১/০৬ তাং: ২৯.৭.২০০৯] ভিত্তিতে উৎসাহবর্ধক তহবিল প্রদান : স্বমূল্যায়ন প্রতিবেদনের নম্বর যাচাই প্রক্রিয়ার নির্দেশিকা**

মহাশয়/মহাশয়া,

স্বমূল্যায়ন প্রক্রিয়ার মাধ্যমে পঞ্চায়েত তার কাজকর্ম কতটা ভালোভাবে করতে পেরেছেন তা নিজেরাই বিচার করে নেবেন এবং তার উপর ভিত্তি করে আরও সফলভাবে কাজ করার উদ্যোগ নেবেন। আর স্বমূল্যায়নের তথ্য কাজে লাগিয়ে উপরের স্তর থেকে প্রয়োজনীয় সহায়তাও দেওয়া যাবে। এছাড়া স্বমূল্যায়নের আরেকটি মাত্রা হল শ্রেষ্ঠ পঞ্চায়েতকে উৎসাহবর্ধক তহবিল দেওয়া। আপনারা জানেন যে গত তিন বছর ধরে গ্রাম পঞ্চায়েতের স্বমূল্যায়ন প্রতিবেদনের নম্বর যাচাইয়ের ভিত্তিতে ব্লকের মধ্যে নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থা (প্রশ্ন নং ১-১৩) এবং সম্পদ সৃষ্টি ও তার সদ্ব্যবহার (প্রশ্ন নং ১৪-২১) এই দুই বিভাগে সর্বোচ্চ নম্বর পাওয়া গ্রাম পঞ্চায়েতকে উৎসাহবর্ধক তহবিল দেওয়া হচ্ছে। এই নম্বর যাচাই প্রক্রিয়ার বিস্তারিত নির্দেশিকা নীচে উল্লেখ করা হল।

১. কেবলমাত্র সেই সমস্ত গ্রাম পঞ্চায়েতগুলিরই নম্বর যাচাই করা হবে –
   (ক) যারা ৩০শে অক্টোবরের মধ্যে পূরণ করা প্রতিবেদন সমষ্টি উন্নয়ন আধিকারিকের কাছে জমা দিয়েছে। অবশ্য আমরা জেনেছি যে অনেক গ্রাম পঞ্চায়েতে অক্টোবরের মাঝামাঝি নাগাদ পর্যন্তও স্বমূল্যায়ন প্রতিবেদন পৌঁছে দেওয়া যায়নি। সেগুলির ক্ষেত্রে ৩০শে অক্টোবরের সময়সীমা কার্যকরী হবে না। সেই সব ব্লকের ক্ষেত্রে ৩০শে নভেম্বর তারিখটি চূড়ান্ত সময়সীমা হিসাবে গণ্য হবে এবং ৩০শে নভেম্বরের মধ্যে যে সব গ্রাম পঞ্চায়েত পূরণ করা স্বমূল্যায়ন প্রতিবেদন জমা দিয়েছে তাদের নম্বর যাচাই করতে হবে। এবং
   (খ) যারা পাঁচটি উপ-সমিতির সভায় এবং গ্রাম পঞ্চায়েতের বর্ধিত সাধারণ সভায় সকলে মিলে আলোচনা করে স্বমূল্যায়ন প্রতিবেদন পূরণ করেছে এবং প্রতিবেদনের ৭৭ পাতায় পাঁচটি উপ-সমিতির সঞ্চালক ও প্রধানের তরফে সেই মর্মে শংসাপত্র দেওয়া আছে।
২. ১. (ক) ও (খ) শর্তদুটি পূরণ করেছে এমন সমস্ত গ্রাম পঞ্চায়েতেরই নম্বর যাচাই করা হবে।
৩. ২১টি মূল বিষয়ের প্রত্যেকটি থেকে একটি করে প্রশ্ন বেছে নেওয়া হবে। ২১ বিষয়ে কেবলমাত্র এই ১টি করে প্রশ্নের নম্বরই যাচাই করা হবে।
৪. নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থায় ১৩টি প্রশ্নের নম্বর যাচাই করা হবে। এই ১৩টি বাছাই করা প্রশ্নের মোট নম্বর যাচাইয়ের পরে যে হারে পরিবর্তিত হল নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থায় ঐ গ্রাম পঞ্চায়েতের মোট প্রাপ্ত নম্বরও সেই হারে পরিবর্তিত হবে। ধরা যাক ১৩টি বাছাই করা প্রশ্নের মোট নম্বর ছিল ৭০ এবং তার মধ্যে গ্রাম পঞ্চায়েত নিজেকে ৫০ দিয়েছিল। এবং ১-১৩ নং প্রশ্নে মোট ২০০ নম্বরের মধ্যে গ্রাম পঞ্চায়েত নিজেকে ১৪০ দিয়েছিল। যাচাইয়ের পর ১৩টি বাছাই করা প্রশ্নের মোট নম্বর ৫০ থেকে কমে হল ৪০ অর্থাৎ ২০% কমে গেল। সেই অনুযায়ী ১-১৩ নং প্রশ্নের মোট নম্বরও ২০% কমে যাবে অর্থাৎ ১৪০ থেকে ২০% কমে গিয়ে ঐ গ্রাম পঞ্চায়েতের যাচাই পরবর্তী প্রাপ্ত নম্বর হবে ১১২ (১৪০-২৮)।

৫. সম্পদ সৃষ্টি ও তার সদ্ব্যবহারে ৮টি প্রশ্নের নম্বর যাচাই করা হবে। এই ৮টি বাছাই করা প্রশ্নের মোট নম্বর যাচাইয়ের পরে যে হারে পরিবর্তিত হল সম্পদ সৃষ্টি ও তার সদ্ব্যবহারে ঐ গ্রাম পঞ্চায়েতের মোট প্রাপ্ত নম্বরও সেই হারে পরিবর্তিত হবে। ধরা যাক ৮টি বাছাই করা প্রশ্নের মোট নম্বর ছিল ৪০ এবং তার মধ্যে গ্রাম পঞ্চায়েত নিজেকে ৩০ দিয়েছিল। এবং ১৪-২১ নং প্রশ্নে মোট ১০০ নম্বরের মধ্যে গ্রাম পঞ্চায়েত নিজেকে ৭০ দিয়েছিল। যাচাইয়ের পর ৮টি বাছাই করা প্রশ্নের মোট নম্বর ৩০ থেকে কমে হল ২৪ অর্থাৎ ২০% কমে গেল। সেই অনুযায়ী ১৪-২১ নং প্রশ্নের মোট নম্বরও ২০% কমে যাবে অর্থাৎ ৭০ থেকে ২০% কমে গিয়ে ঐ গ্রাম পঞ্চায়েতের যাচাই পরবর্তী প্রাপ্ত নম্বর হবে ৫৬ (৭০-১৪)।

৬. কোন কোন প্রশ্নের নম্বর কিভাবে যাচাই করতে হবে তা নীচের সারণীতে উল্লেখ করা হল।

| কোন কোন প্রশ্নের নম্বর যাচাই করতে হবে | গ্রাম পঞ্চায়েতকে নম্বরের/উত্তরের সমর্থনে যা দেখাতে হবে | যাচাই করার পদ্ধতির ব্যাখ্যা |
|---|---|---|
| ১. (খ) (৪) ২০০৮-০৯ আর্থিক বছরে রাজ্য অর্থ কমিশনের নিঃশর্ত তহবিলের কত শতাংশ গ্রাম উন্নয়ন সমিতিগুলিকে অগ্রিম দেওয়া হয়েছে? | উপযোজন (অ্যাপ্রোপ্রিয়েশান) রেজিস্টার / অগ্রিম (অ্যাডভান্স) রেজিস্টার, না থাকলে অগ্রিম দেওয়ার রসিদ বা এগুলির মধ্যের কোনোটির ফটোকপি | রাজ্য অর্থ কমিশন খাতে মোট প্রাপ্ত তহবিল এবং অগ্রিম দেওয়ার হিসাব বের করে তার ভিত্তিতে প্রয়োজনীয় শতাংশ বেরিয়ে আসবে। |
| ২. (গ) (২) অর্থ ও পরিকল্পনা উপ-সমিতির সভা | অর্থ ও পরিকল্পনা উপ-সমিতির কার্যবিবরণী বই বা তার ফটোকপি | ব্যাখ্যা নিষ্প্রয়োজন। |
| ৩. (ঝ) জন্ম ও মৃত্যুর সার্টিফিকেট দিতে সাধারণভাবে গ্রাম পঞ্চায়েত কত দিন সময় নেন? | এই সংক্রান্ত রেজিস্টার যেখানে জমা দেওয়ার তারিখ ও শংসাপত্র প্রদানের তারিখ দেখানো আছে অথবা এরকম রেজিস্টার না থাকলে এই সংক্রান্ত অন্তত ৫টি আবেদনপত্র বা তার ফটোকপি ও সংশ্লিষ্ট শংসাপত্রের দ্বিতীয় কপি বা কাউন্টারফয়েল | আবেদনপত্র জমা দেওয়ার তারিখ ও শংসাপত্র প্রদানের তারিখের মধ্যে যে সময় (অন্তত পাঁচটি আবেদনপত্র) পাওয়া যাবে তার গড় বের করতে হবে। গড় সময়ের ভিত্তিতে নম্বর ঠিক হবে। |
| ৪. (গ) সভা বা প্রশিক্ষণের জন্য কোনো বড় ঘর (মোটামুটি ৬০ জন ব্যক্তি বসে আলাপ-আলোচনা করতে পারেন এমন) গ্রাম পঞ্চায়েত ভবনে আছে কি? | গ্রাম পঞ্চায়েতের মধ্যে এইরকম বড় ঘরের (মোটামুটি ৬০ জন ব্যক্তি বসে আলাপ-আলোচনা করতে পারেন এমন) ছবি | ব্যাখ্যা নিষ্প্রয়োজন। |
| ৫. (খ) (৮) ভূমি সংস্কারের মাধ্যমে জমি পেয়েছেন এমন ব্যক্তিদের তালিকা | সংশ্লিষ্ট তালিকা বা তার ফটোকপি | ব্যাখ্যা নিষ্প্রয়োজন। |
| ৬. (ঘ) গ্রাম পঞ্চায়েতের কার্য্যালয়ের বাইরের দেওয়ালে বা বড় নোটিশ বোর্ডে এন.আর.ই.জি.এস.-এর মাসিক অগ্রগতি প্রতিবেদন (এই মাস পর্যন্ত খরচ, এই মাস পর্যন্ত কত পরিবারকে কাজ দেওয়া হয়েছে, এই মাস পর্যন্ত কত শ্রমদিবস সৃষ্টি হয়েছে, এই মাস পর্যন্ত কত মহিলা শ্রমদিবস সৃষ্টি হয়েছে, এই মাসে কোন কোন কাজ হয়েছে) লেখা হয় কি? | গ্রাম পঞ্চায়েতকে চিনে নেওয়া যাবে এমনভাবে ঐ দেওয়াল লিখন বা নোটিশ বোর্ডের ছবি | ব্যাখ্যা নিষ্প্রয়োজন। |
| ৭. (চ) (৩) গ্রাম সংসদগুলির বিদ্যালয় বহির্ভূত শিশুদের তালিকা তৈরী করা হয়েছে কি? | ২০০৮-০৯ আর্থিক বছরের যে কোনো সময়ে তৈরী হওয়া গ্রাম পঞ্চায়েত এলাকার যে কোনো তিনটি গ্রাম সংসদের বিদ্যালয় বহির্ভূত শিশুদের তালিকা বা তার ফটোকপি | ব্যাখ্যা নিষ্প্রয়োজন। |

| কোন কোন প্রশ্নের নম্বর যাচাই করতে হবে | গ্রাম পঞ্চায়েতকে নম্বরের/উত্তরের সমর্থনে যা দেখাতে হবে | যাচাই করার পদ্ধতির ব্যাখ্যা |
|---|---|---|
| ৮. (ক) (২) মাসের চতুর্থ শনিবারের স্বাস্থ্যসভায় গ্রাম পঞ্চায়েত পরিষেবা প্রদান সংক্রান্ত নির্দিষ্ট কর্মপরিকল্পনা গ্রহণ করেছে কি? | স্বাস্থ্যসভার কার্যবিবরণী বই বা তার ফটোকপি | কটি সভায় পরিষেবা দেওয়া সংক্রান্ত পরিকল্পনা নেওয়া হয়েছে তা গুনে সেই অনুযায়ী নম্বর ঠিক করতে হবে। |
| ৯. (ক) কত শতাংশ পরিবার দারিদ্র্যসীমার নীচে (BPL) আছে (গ্রামীণ পরিবার সমীক্ষার তথ্য অনুযায়ী)? | গ্রাম পঞ্চায়েত এলাকার জন্য গ্রামীণ পরিবার সমীক্ষার পরিবারভিত্তিক নম্বরের তালিকা বা তার ফটোকপি / গ্রামীণ পরিবার সমীক্ষা অনুযায়ী বি.পি.এল. পরিবারের নম্বরের তালিকা বা তার ফটোকপি এবং ঐ সমীক্ষা অনুযায়ী মোট পরিবারের সংখ্যার কোনো প্রামাণ্য নথি | গ্রাম পঞ্চায়েত এলাকার সমস্ত পরিবারের তালিকা থাকলে সেখান থেকে মোট পরিবার ও বি.পি.এল. পরিবার গুনে নম্বর যাচাই করতে হবে। শুধু বি.পি.এল. পরিবারের তালিকা এবং কোনো নথিতে মোট পরিবারের সংখ্যা থাকলে বি.পি.এল. পরিবারের সংখ্যা গুনে মোট পরিবারের সংখ্যার নিরিখে নম্বর যাচাই করতে হবে। |
| ১০. (ঙ) ২০০৮-০৯ আর্থিক বছরের শেষে গ্রাম পঞ্চায়েত এলাকায় কত শতাংশ শিশু শিক্ষা কেন্দ্রের পাকা বাড়ী, পানীয় জলের ব্যবস্থা ও শৌচাগার (তিনটি ব্যবস্থাই) আছে? | ব্লকে শিশু শিক্ষা কর্মসূচির ভারপ্রাপ্ত আধিকারিকের শংসাপত্র যেখানে উল্লেখ থাকবে মোট কতগুলি শিশু শিক্ষা কেন্দ্র ও তার মধ্যে কোন কোনগুলিতে তিনটি ব্যবস্থাই আছে | শংসাপত্রের ভিত্তিতে নম্বর যাচাই করা হবে। প্রসঙ্গত যেখানে গ্রাম পঞ্চায়েত নিজে ১ বা আরও কম নম্বর দিয়েছে সেখানে শংসাপত্রের বা আলাদা যাচাই এর প্রয়োজন নেই। নম্বরটি গ্রহণযোগ্য মনে করা যাবে। |
| ১১. (ক) কত শতাংশ পরিবার গৃহহীন? | ২০০৫-এর গ্রামীণ পরিবার সমীক্ষা অনুযায়ী মোট পরিবারের সংখ্যা ও P2=1 এমন পরিবারের সংখ্যা এবং ২০০৬-০৭, ২০০৭-০৮ ও ২০০৮-০৯ সালে ইন্দিরা আবাস যোজনা বা অন্য কোনো প্রকল্পে যতগুলি পরিবার নতুন গৃহনির্মাণের অনুদান পেয়েছেন তার তথ্য | ২০০৫-এর গ্রামীণ পরিবার সমীক্ষার P2=1 পরিবারের সংখ্যা থেকে গত তিন বছরে উল্লিখিত প্রকল্প/গুলি থেকে যতজন সহায়তা পেয়েছেন এমন পরিবারের সংখ্যা বাদ দিলে গৃহহীনের সংখ্যা বেরোবে। গৃহহীন পরিবারের সংখ্যাকে ১০০ দিয়ে গুণ করে মোট পরিবারের সংখ্যা দিয়ে ভাগ করলে প্রয়োজনীয় শতাংশ পাওয়া যাবে। |
| ১২. (ক) বিপর্যয় মোকাবিলার জন্য গ্রাম পঞ্চায়েত কোনো আগাম পরিকল্পনা করেছে কি? | বিপর্যয় মোকাবিলার জন্য আগাম পরিকল্পনার কপি / সাধারণ সভার বা অর্থ ও পরিকল্পনা উপ-সমিতির কার্যবিবরণীতে ওই পরিকল্পনা গ্রহণ করার সিদ্ধান্ত | পরিকল্পনার গুণমান এখানে বিচার্য নয়। পরিকল্পনা করা হয়েছে এবং গ্রাম পঞ্চায়েত তা গ্রহণ করেছে এটিই দেখার বিষয়। |
| ১৩. (চ) ২০০৮-০৯ আর্থিক বছরের শেষ পর্যন্ত ভূমিহীন কৃষি শ্রমিকদের কত শতাংশকে PROFLAL স্কীমের আওতায় আনা গেছে? | ২০০৫-এর গ্রামীণ পরিবার সমীক্ষা অনুযায়ী P1=1 এমন পরিবারের সংখ্যা এবং PROFLAL স্কীমে ভূমিহীন কৃষি মজুরের লেজার বই (নিদর্শ-২বি) বা তার শেষ পাতার ফটোকপি | উক্ত লেজার বইয়ের 'স্থায়ী ক্রমিক নং' কলমের শেষ ক্রমিক সংখ্যাকে ১০০ দিয়ে গুণ করে P1=1 এমন পরিবারের সংখ্যা দিয়ে ভাগ করলে প্রয়োজনীয় শতাংশ পাওয়া যাবে। (P1=1 পরিবার হল ভূমিহীন পরিবার। অনুমান এই পরিবারে গড়ে একজন কৃষি শ্রমিক থাকবেন। পরিবারের সংখ্যার থেকে মোট কৃষি শ্রমিকের সংখ্যা সামান্য বেশি হতেও পারে। আবার লেজার বইয়ের শেষ ক্রমিক সংখ্যার মধ্যে সকলে বর্তমানে প্রকল্পের আওতায় নাও থাকতে পারেন। উভয় দিকের এই বৃদ্ধি একে অপরকে পুষিয়ে দেবে ধরে নেওয়া হয়েছে।) |

| কোন কোন প্রশ্নের নম্বর যাচাই করতে হবে | গ্রাম পঞ্চায়েতকে নম্বরের/উত্তরের সমর্থনে যা দেখাতে হবে | যাচাই করার পদ্ধতির ব্যাখ্যা |
|---|---|---|
| ১৪. (ক) উপবিধি (Bye-Law) অনুসারে নতুন ভাবে অভিকর (Rate), ফি ইত্যাদি নির্ধারিত হয়েছে কি? | অনুমোদিত উপবিধির কপি, গ্রাম পঞ্চায়েত প্রশাসন নিয়মাবলির ফরম ৯ এর বিভাগ ২-৮ (যেগুলি প্রযোজ্য হবে) এর বিষয়গুলির উপর ২০০৮-০৯ এর নির্ধার তালিকা, ২০০৭-০৮ আর্থিক বছরের ২৭ নং ফরম এবং ২০০৮-০৯ আর্থিক বছরের ২৭ নং ফরম বা এগুলির ফটোকপি | অনুমোদিত উপবিধির কপি ও ২০০৮-০৯ সালের নির্ধার তালিকা না থাকলে -২ নম্বর পাওয়া যাবে। ঐ দুটি থাকলে ২০০৮-০৯ সালের আদায় ২০০৭-০৮ সালের থেকে কত বেশি সেই হিসাবে নম্বর পাওয়া যাবে। |
| ১৫. (ঘ) ২০০৯-১০ আর্থিক বছরের গ্রাম পঞ্চায়েতের বাজেট ৩১শে জানুয়ারী ২০০৯ তারিখের মধ্যে গ্রাম পঞ্চায়েতের সাধারণ সভায় অনুমোদিত হয়েছিল কি? | ২০০৯-১০ আর্থিক বছরের বাজেটের কপি ও বাজেট অনুমোদনের সভার কার্যবিবরণী বা তার ফটোকপি | অনুমোদিত বাজেটের কপি বা কার্যবিবরণীর কপি না থাকলে -৫ নম্বর পাওয়া যাবে। আর এগুলি থাকলে অনুমোদনের তারিখ অনুযায়ী নম্বর পাওয়া যাবে। |
| ১৬. (ক) (২) ২০০৮-০৯ আর্থিক বছরের কর সংগ্রহ ২০০৭-০৮ আর্থিক বছরের কর সংগ্রহের তুলনায় কত শতাংশ বেশি? | ২০০৭-০৮ আর্থিক বছরের ২৭ নং ফরম এবং ২০০৮-০৯ আর্থিক বছরের ২৭ নং ফরম (হিসাবরক্ষণ, নিরীক্ষা ও বাজেট নিয়মাবলী) বা এগুলির ফটোকপি | ২০০৮-০৯ সালের আদায় ২০০৭-০৮ সালের থেকে কত বেশি সেই হিসাবে নম্বর পাওয়া যাবে। |
| ১৭. (ঙ) ৩১শে মার্চ ২০০৯ তারিখে শ্রমিকদের মজুরি প্রদান করার জন্য টাকা কতদিন আগে থেকে তোলা ছিল? | যে তহবিল থেকে টাকা তোলা হয়েছে সেই তহবিলের পাশ বই বা তার ফটোকপি। | ব্যাখ্যা নিষ্প্রয়োজন। |
| ১৮. (ঘ) শেষ অভ্যন্তরীণ নিরীক্ষার (Internal Audit) প্রতিবেদন গ্রাম পঞ্চায়েতের সাধারণ সভায় পেশ করে আলোচনা করা হয়েছে কি? | সাধারণ সভার কার্যবিবরণী বা তার ফটোকপি | এমন হতে পারে যে শেষ অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদন পাওয়া গেছে ২ বছর আগে। সেক্ষেত্রে ঐ প্রতিবেদনের ভিত্তিতেই বিচার করতে হবে এবং ঐ প্রতিবেদন যে তারিখে পাওয়া গেছে তার তিন মাসের মধ্যে কোনো সাধারণ সভায় নির্দিষ্টভাবে আলোচনা হলে তবেই নম্বর পাওয়া যাবে। |
| ১৯. (ঘ) ২০০৮-০৯ আর্থিক বছরে দ্বাদশ অর্থ কমিশনের প্রাপ্ত অর্থের (প্রারম্ভিক স্থিতি সহ) কত শতাংশ ব্যয় হয়েছে? | ২০০৮-০৯ আর্থিক বছরের ২৭ নং ফরম (হিসাবরক্ষণ, নিরীক্ষা ও বাজেট নিয়মাবলী) বা এর ফটোকপি যেখানে কেন্দ্রীয় অর্থ কমিশন খাতে আয় ও ব্যয় দেখানো আছে / ২০০৮-০৯ আর্থিক বছরের তথ্য সহ মার্চ ২০০৯-এর দ্বাদশ অর্থ কমিশনের অগ্রগতি প্রতিবেদন | এই নথি থেকে দ্বাদশ অর্থ কমিশন খাতে মোট কত টাকা পাওয়া গেছে আর কত ব্যয় হয়েছে তার সম্পূর্ণ হিসাব পাওয়া যাবে ও তার ভিত্তিতে নম্বর যাচাই করা যাবে। |
| ২০. (খ) (১) ২০০৮-০৯ আর্থিক বছরের বার্ষিক কাজের প্রতিবেদন | তারিখ সহ প্রতিবেদন জমা দেওয়ার প্রমাণপত্র | ব্যাখ্যা নিষ্প্রয়োজন। |
| ২১. (খ) কত শতাংশ নলকূপ/কুঁয়া/পুকুর গ্রীষ্মকালে শুকিয়ে যায়? | যে কোনো তিনজন গ্রাম পঞ্চায়েত সদস্যের দেওয়া শংসাপত্র যেখানে তাঁরা নিজের গ্রাম সংসদ এলাকায় মোট নলকূপ, কুঁয়া ও পুকুরের সংখ্যা উল্লেখ করবেন এবং সেগুলির মধ্যে কতগুলি গ্রীষ্মকালে শুকিয়ে যায় তা উল্লেখ করবেন। | গ্রাম পঞ্চায়েতের সদস্যদের শংসাপত্রে দেওয়া তথ্যগুলি যোগ করে মোট নলকূপ, কুঁয়া ও পুকুরের সংখ্যা এবং সেগুলির মধ্যে কতগুলি গ্রীষ্মকালে শুকিয়ে যায় তা পাওয়া যাবে। এর ভিত্তিতে শতাংশ বের করে নম্বর যাচাই হবে। |

৭. এইভাবে প্রত্যেকটি প্রশ্নের নম্বর যাচাই করার পর সবকটি প্রশ্নের নম্বরকে গ্রাম পঞ্চায়েতের নম্বর যাচাই প্রতিবেদনে তুলে আনতে হবে এবং সংশ্লিষ্ট সকলকে নির্দিষ্ট জায়গায় স্বাক্ষর করতে হবে ও সীল দিতে হবে। প্রতিবেদনটি পরের পাতায় উল্লেখ করা হল।

৮. গ্রাম পঞ্চায়েতের নম্বর যাচাই প্রতিবেদন

| (ক) নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থা | | | (খ) সম্পদ সৃষ্টি ও তার সদ্ব্যবহার | | |
|---|---|---|---|---|---|
| প্রশ্ন নং | গ্রাম পঞ্চায়েত নিজেকে যে নম্বর দিয়েছে | যাচাই করার পরে গ্রাম পঞ্চায়েতের নম্বর যা দাঁড়িয়েছে | প্রশ্ন নং | গ্রাম পঞ্চায়েত নিজেকে যে নম্বর দিয়েছে | যাচাই করার পরে গ্রাম পঞ্চায়েতের নম্বর যা দাঁড়িয়েছে |
| ১. (খ) (৪) | | | ১৪. (ক) | | |
| ২. (গ) (২) | | | ১৫. (ঘ) | | |
| ৩. (ঝ) | | | ১৬. (ক) (২) | | |
| ৪. (গ) | | | ১৭. (ঙ) | | |
| ৫. (খ) (৮) | | | ১৮. (ঘ) | | |
| ৬. (ঘ) | | | ১৯. (ঘ) | | |
| ৭. (চ) (৩) | | | ২০. (খ) (১) | | |
| ৮. (ক) (২) | | | ২১. (খ) | | |
| ৯. (ক) | | | - | - | - |
| ১০. (ঙ) | | | - | - | - |
| ১১. (ক) | | | - | - | - |
| ১২. (ক) | | | - | - | - |
| ১৩. (চ) | | | - | - | - |
| মোট (বাছাই করা প্রশ্নগুলির) | | | | | |
| মোট * (সমস্ত প্রশ্ন মিলিয়ে) | | | | | |

* বাছাই করা প্রশ্নগুলির মোট নম্বর যাচাইয়ের পরে যে হারে পরিবর্তিত হল এক একটি বিভাগে (নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থা এবং সম্পদ সৃষ্টি ও তার সদ্ব্যবহার) ঐ গ্রাম পঞ্চায়েতের মোট প্রাপ্ত নম্বরও সেই হারে পরিবর্তিত হবে।

পরীক্ষাকারী দলের সদস্যদের স্বাক্ষর ও সীল:

(১) ______________________________

(২) ______________________________

আমাদের গ্রাম পঞ্চায়েত সম্বন্ধে যাচাই করা নম্বরগুলি দেখলাম।

______________________________
গ্রাম পঞ্চায়েতের প্রধানের স্বাক্ষর ও সীল (যে গ্রাম পঞ্চায়েতের নম্বর পরীক্ষা করা হল)

পরীক্ষাকারী দলের সদস্যরা নম্বর যেভাবে পরিবর্তন করেছেন তা সঠিক এবং ঐ পরিবর্তিত নম্বরগুলিই চূড়ান্ত।

..............................................
সমষ্টি উন্নয়ন আধিকারিকের স্বাক্ষর ও সীল

৯. একটি গ্রাম পঞ্চায়েতের নম্বর পরীক্ষা করবে অন্য আরেকটি গ্রাম পঞ্চায়েত। যে গ্রাম পঞ্চায়েতগুলি ১. (ক) ও (খ) শর্তদুটি পূরণ করেছে তাদের মধ্যে থেকে উদ্দেশ্যহীনভাবে (র‍্যানডম পদ্ধতিতে অর্থাৎ কোনো ধরণের মাপকাঠি ব্যবহার না করে) যে কোনো একটি গ্রাম পঞ্চায়েতকে ১ নম্বর গ্রাম পঞ্চায়েত, যে কোনো একটি গ্রাম পঞ্চায়েতকে ২ নম্বর গ্রাম পঞ্চায়েত, যে কোনো একটি গ্রাম পঞ্চায়েতকে ৩ নম্বর গ্রাম পঞ্চায়েত, .................. এইভাবে ......................, যে কোনো একটি গ্রাম পঞ্চায়েতকে শেষ [অর্থাৎ ব্লকে মোট যে কটি গ্রাম পঞ্চায়েত ১. (ক) ও (খ) শর্তদুটি পূরণ করেছে] নম্বর গ্রাম পঞ্চায়েত হিসাবে চিহ্নিত করতে হবে। তারপর এই উদ্দেশ্যহীনভাবে চিহ্নিত ১ নম্বর গ্রাম পঞ্চায়েত ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের নম্বর পরীক্ষা করবে, ২ নম্বর গ্রাম পঞ্চায়েত ৩ নম্বর গ্রাম পঞ্চায়েতের নম্বর পরীক্ষা করবে, ৩ নম্বর গ্রাম পঞ্চায়েত ৪ নম্বর গ্রাম পঞ্চায়েতের নম্বর পরীক্ষা করবে, .................. এইভাবে ......................, শেষ নম্বর গ্রাম পঞ্চায়েত ১ নম্বর গ্রাম পঞ্চায়েতের নম্বর পরীক্ষা করবে। এটি নমুনা মাত্র। স্থানীয় অবস্থা অনুযায়ী একটি গ্রাম পঞ্চায়েতের নম্বর যে কোনো অন্য গ্রাম পঞ্চায়েত পরীক্ষা করতেই পারে এবং কোন গ্রাম পঞ্চায়েতের নম্বর কোন গ্রাম পঞ্চায়েত পরীক্ষা করবে সে বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন সমষ্টি উন্নয়ন আধিকারিক।

১০. একটি নির্দিষ্ট দিনে নম্বর পরীক্ষার জন্য ১. (ক) ও (খ) শর্তদুটি পূরণ করা গ্রাম পঞ্চায়েতগুলিকে সমষ্টি উন্নয়ন আধিকারিকের কার্যালয়ে ডাকতে হবে। তাঁদেরকে কী কী কাগজপত্র নিয়ে আসতে হবে তাও আগে থেকে জানিয়ে দিতে হবে।

১১. একটি গ্রাম পঞ্চায়েত থেকে চার জনের একটি দল নম্বর পরীক্ষার দিন আসবেন। এই দলে থাকবেন (১) প্রধান, (২) উপ-প্রধান / যে কোনো একটি উপ-সমিতির সঞ্চালক (কে আসবেন তা প্রধান ঠিক করবেন), (৩) নির্বাহী সহায়ক এবং (৪) সচিব / নির্মাণ সহায়ক / কর্ম সহায়ক / সহায়ক (কে আসবেন তা প্রধান ঠিক করবেন)। এই চার জনের মধ্য থেকে দুজন নিজের গ্রাম পঞ্চায়েতের কাগজপত্র দেখাবেন এবং দুজন অন্য গ্রাম পঞ্চায়েতের নম্বর পরীক্ষা করবেন। কোন দুজন কাগজপত্র দেখাবেন এবং কোন দুজন অন্য গ্রাম পঞ্চায়েতের নম্বর পরীক্ষা করবেন তা ঐ গ্রাম পঞ্চায়েতের প্রধান ঠিক করবেন।

১২. সমষ্টি উন্নয়ন আধিকারিক গ্রাম পঞ্চায়েতের নম্বর যাচাইয়ের সময় তাঁর পঞ্চায়েত সংশ্লিষ্ট আধিকারিকদের পর্যবেক্ষক হিসাবে নিযুক্ত করবেন।

১৩. যাচাই করে প্রকৃত নম্বর কত হবে সেই নিয়ে দুটি গ্রাম পঞ্চায়েতের মধ্যে কোনো মতপার্থক্য বা বিরোধ দেখা দিলে তা নিরসনের জন্য উপস্থিত আধিকারিকগণ হস্তক্ষেপ করবেন। যদি বিরোধ নিষ্পত্তি না হয় তাহলে সমষ্টি উন্নয়ন আধিকারিকের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪. কোনো অপ্রীতিকর পরিস্থিতির উদ্ভব হলে সমষ্টি উন্নয়ন আধিকারিক অন্য গ্রাম পঞ্চায়েতকে দিয়ে এই নম্বর যাচাইয়ের প্রক্রিয়াটি বাতিল করে দেবেন এবং তিনি পঞ্চায়েত সংশ্লিষ্ট আধিকারিকদের দিয়ে উপরে উল্লিখিত পদ্ধতিমত গ্রাম পঞ্চায়েতগুলির নম্বর যাচাই করাবেন।

১৫. সমষ্টি উন্নয়ন আধিকারিক গ্রাম পঞ্চায়েতগুলির যাচাই পরবর্তী নম্বরের তালিকা (৮. গ্রাম পঞ্চায়েতের নম্বর যাচাই প্রতিবেদন, এই নির্দেশিকার ৫ নং পৃষ্ঠা) জেলা শাসকের কাছে জমা দেবেন।

১৬. যাচাই করে এই ভাবে নম্বর পরিবর্তনের পর নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থায় (১-১৩ নং প্রশ্ন) যে যাচাই করা গ্রাম পঞ্চায়েত ব্লকের মধ্যে সবচেয়ে বেশি নম্বর পেল তারা ৫০,০০০ টাকা (পঞ্চাশ হাজার টাকা মাত্র) উৎসাহবর্ধক তহবিল পাবে। আর সম্পদ সৃষ্টি ও তার সদ্ব্যবহারে (১৪-২১ নং প্রশ্ন) যে যাচাই করা গ্রাম পঞ্চায়েত ব্লকের মধ্যে সবচেয়ে বেশি নম্বর পেল তারা ৫০,০০০ টাকা (পঞ্চাশ হাজার টাকা মাত্র) উৎসাহবর্ধক তহবিল পাবে।

এই যাচাই প্রক্রিয়ার উদ্দেশ্য সঠিকভাবে সমস্ত গ্রাম পঞ্চায়েতগুলির কাছে তুলে ধরতে জেলা ও ব্লক স্তরের আধিকারিকদের নির্দেশ দেওয়ার জন্য আপনাকে অনুরোধ জানাই। এছাড়া যাচাই প্রক্রিয়ার সময় একটি সুন্দর পরিবেশ বজায় রেখে একে অপরের কাজকর্মের সাথে ভালভাবে পরিচিত হওয়ার এই সুযোগের সম্পূর্ণ সদ্ব্যবহার করার জন্য গ্রাম পঞ্চায়েতগুলিকে আবেদন জানাই।

আপনার বিশ্বস্ত,

মানবেন্দ্র নাথ রায়,

(মানবেন্দ্র নাথ রায়)
প্রধান সচিব

স্মারক নং : ৫০৩৫/ ১(৭০০)/পি.এন/ও/ ১/ ৪এ- ১/ ০৬ তারিখ : ২৬.১১.২০০৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য দেওয়া হল :

১. মহাধ্যক্ষ, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, পশ্চিমবঙ্গ, পঞ্চায়েত ভবন, কলকাতা।

২. অধিকর্তা, রাজ্য পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন সংস্থা, কল্যাণী, নদীয়া।

৩. সভাধিপতি, ........................................................ জেলা পরিষদ / মহকুমা পরিষদ (সকল)।

৪. অতিরিক্ত নির্বাহী আধিকারিক, ...................................... জেলা পরিষদ / মহকুমা পরিষদ (সকল)।

৫. মহকুমা শাসক, ............................................................................ মহকুমা (সকল)।

৬. জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক, ....................................................... জেলা (সকল)।

অনুলিপি সকল মহকুমা শাসক, পঞ্চায়েত সমিতির সভাপতি ও সমষ্টি উন্নয়ন আধিকারিককে প্রেরণের অনুরোধ করা হল।

৭. সভাপতি, ..................................................................... পঞ্চায়েত সমিতি (সকল)।

৮. সমষ্টি উন্নয়ন আধিকারিক ........................................................................ ব্লক (সকল)।

অনুলিপি সকল গ্রাম পঞ্চায়েতের প্রধানকে প্রেরণের অনুরোধ করা হল।

৯. প্রধান, ................................................................... (গ্রাম পঞ্চায়েত) (সকল)।

মধুমিতা রায়

(মধুমিতা রায়)
যুগ্ম সচিব